

## বিদ্যালয়ের নেতৃত্ব: শিক্ষকদের নেতৃত্বদান

### বাংলা

কিছু অসুবিধা ছিল কারণ কেউই কঠোর পরিশ্রম করতে চায় না, কিন্তু আমি প্রত্যেককে খুব চনমনে করে রাখি। আমি স্কুলে থাকার সময় কখনও শুধু আমার আসনে বসে থাকি না।

যদি একটা ক্লাস পুরো চুপচাপ থাকে, আমি জিজ্ঞাসা করি ‘সমস্যাটা কি’? আমি শিক্ষকদের সমস্যাগুলি সামলানোর চেষ্টা করি। আমি ব্যক্তিগতভাবে সেগুলি সামলাতে চাই। তারা আমাকে বলেন এবং আমরা একসাথে একটা সমাধান বের করার জন্য তা নিয়ে আলোচনা করি।

প্রধান বিষয় হল এই, যে যখন একজন শিক্ষক তার ক্লাসে যান না, তখন অন্য শিক্ষকরা সেই পথ অনুসরণ করেন এবং এতে রুটিনের ব্যাঘাত ঘটে। আমি প্রতিষ্ঠানটিতে শৃঙ্খলা চাই।

যদি প্রত্যেকে সময়সূচী মেনে চলেন, সেক্ষেত্রে কোন সমস্যা হবে না এবং শিক্ষকরা সময়ে তাদের ক্লাসগুলিতে যাবেন।

আমার পরিদর্শনের সময়গুলিতে, আমি তাদেরকে পড়ানোতে মনোনিবেশ করতে বলি। আমি তাদের ক্লাসে স্কুল-সংক্রান্ত অন্যান্য কাজ না করার জন্য বোঝাই। শিক্ষককে ক্লাসে পড়াতে হবে।

শিক্ষকরা যদি অন্য কাজে ব্যস্ত থাকেন, শিক্ষার্থীদের একঘেয়ে লাগবে এবং তারা ক্লাসে আসা বন্ধ করে দেবে।

আমি শিক্ষকদের বলি যে, তাদের হাসিমুখে ক্লাসে যাওয়া উচিত। আমি শিক্ষক ও শিক্ষার্থীদের মধ্যে সম্পর্কের উন্নতি করার চেষ্টা করি।

শিক্ষকরা পরস্পরের প্রতিও খুবই আন্তরিক। আমরা তাদের মনোরঞ্জন করি এবং শিক্ষক দিবস, শিশু দিবস এবং অন্য সমস্ত বিশেষ অনুষ্ঠানগুলি একসাথে পালন করি।

শিক্ষক ও শিক্ষার্থীরা গান গাওয়া বা এরকম কার্যধারাগুলি উপভোগ করে এবং অংশগ্রহণ করে। শিক্ষার্থীরা এটি পছন্দ করে এবং তাদের একঘেয়ে লাগে না। তাদের মনে হয় না, যে তাদের দিয়ে জোর করে কিছু করানো হচ্ছে।

আমরা যখন একসাথে বসি, আমি তাদের এটা মনে করতে দিই না যে, আমি অধ্যক্ষ। আমি তাদের নির্দেশনা দিই। আমি তাদের পরামর্শ দিই যে, কিভাবে জিনিসগুলি দ্রুত কিন্তু সঠিকভাবে করতে হবে। আমি তাদের প্রস্তাবগুলিকেও স্বাগত জানাই।

কখনও কখনও আমি শিক্ষকদের কাছ থেকে ভাল প্রস্তাব পাই। আমরা একসাথে কাজ করি এবং কর্মচারীদের মধ্যে চাপ তৈরী হতে দিই না।

আমার প্রথম কাজ ছিল এটি নিশ্চিত করা যে, সমস্ত শিক্ষকরা যাতে রুটিন অনুসারে তাদের নিজেদের ক্লাসগুলিতে সময়মত যান। একটি নির্ধারিত মাসিক সিলেবাস রয়েছে। তাদের মাসিক ভিত্তিতে সিলেবাস শেষ করা উচিত এবং মাসিক পরীক্ষা নেওয়া উচিত। এই পরীক্ষাগুলিতে A গ্রেড পাওয়া মেয়েদের সংখ্যা বাড়া উচিত।

আমাদের লক্ষ্য হল A গ্রেড পাওয়া মেয়েদের সংখ্যা বাড়ানো এবং যে মেয়েরা D বা E পাচ্ছে, তাদের জন্য অতিরিক্ত ক্লাসের ব্যবস্থা করা। আমরা এগুলিকে সহায়ক ক্লাস বলি।

এই ক্লাসগুলিতে, আমরা শিক্ষার্থীদের তাদের গ্রেড বাড়াতে সহায়তা করি। আমি উঁচু ক্লাস, যেমন বিএসসি-র বইগুলির রেখাচিত্র ও সারণীগুলি ব্যবহার করি। আমি এই সারণীগুলি তৈরী করিয়েছি।

আমি আমাদের ক্লাসগুলিতে একটি সুন্দর পরিবেশ তৈরী করার চেষ্টা করেছি। শিশুরা সম্পূর্ণ সাজানো একটি ক্লাসে বসতে পছন্দ করে। এটা আগে এরকম ছিল না, সেজন্য আমি শিক্ষার্থীদের তাদের ক্লাসটা

সাজাতে বলি।

তারা পড়ার বিষয় সংক্রান্ত সারণীগুলি বানায়। আর তারা এই সারণী ও পোস্টারগুলি ব্যবহার করে বিষয়টিকে বর্ণনা করে।

এইভাবে তারা বারবার সারণীগুলির দিকে তাকাবে এবং সেগুলি তাদের মনে গেঁথে যাবে- একই সময়ে ক্লাসটাকেও আরো ভাল দেখাবে।

শিক্ষার্থীদের এই অনুভূতিও হয় যে, তারা জিনিসগুলির উন্নতি করতে পারে এবং তারা আরো ভাল ছবি নিয়ে এসে হাজির হয় এবং সেগুলিকে তাদের ক্লাসরুমে লাগায়।

অধ্যক্ষ ও শিক্ষকদের সম্পর্ক আন্তরিক হওয়া উচিত। একটি স্কুলকে প্রথমে ও সর্বাগ্রে শৃঙ্খলাবদ্ধ হতে হবে।

একটি সাধারণ ধারণা থাকতে হবে, তা যে কাগজে লিখিত হতেই হবে তা নয়, তবে এই ব্যাপারে একটি সম্পূর্ণ তৈরী পরিকল্পনা থাকতে হবে যে, কোন সময় কি করতে হবে।

উদাহরণস্বরূপ, অধ্যক্ষরা যদি স্কলারশীপ দেওয়া বা স্কুলের পোষাক বা বাইসাইকেল বন্টন করার দায়িত্বে থাকেন, সেক্ষেত্রে প্রকল্পগুলিকে নির্ধারিত পরিকল্পনা অনুসারে চালনা করতে হবে।

স্কুলটিকে অবশ্যই এরকমভাবে সংগঠিত করা উচিত নয় যে, যদি কোন গুরুত্বপূর্ণ কাজ এসে পড়ে, সেখানে সব শিক্ষকরা চলে গেলেন আর শিক্ষার্থীদের দেখার জন্য কেউ রইলেন না। তাহলে, পরিশেষে স্কুলের উপস্থিতির হারের উপর এর প্রভাব পড়বে।